ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি।
ফোনঃ ০৩৭১-৬২১৪৯(অ), ফ্যাক্সঃ ০৩৭১-৬২৬১০

## সভার কার্য বিবরণী

অদ্য ০৮/১১/২০১২ খ্রিঃ রোজ বৃহস্পতিবার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি-এর নির্বাহী পরিষদের ৫ম সভা ইনস্টিটিউট কার্যালয়ে অনুষ্ঠিত হয়। ইনস্টিটিউটউট নির্বাহী পরিষদের মাননীয় চেয়ারম্যান মহোদয় দাপ্তরিক কাজের জন্য জেলার বাহিরে অবস্থানের কারনে অদ্যকার সভায় উপস্থিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে সভাপতিত্ব করেন খাগড়াছড়ি পার্বত্য জেলার সংস্কৃতি বিষয়ক আহব্বায়ক ও ইনস্টিটিউট নির্বাহী পরিষদের সম্মানিত সদস্য জনাব বীর কিশোর চাকমা । সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে আলোচ্য সূচি অনুসারে সভার কাজ শুরুর করার জন্য এবং বিগত সভার কার্য বিবরণী পাঠের জন্য ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি-এর উপ পরিচালক জনাব সুসময় চাকমা কে অনুরোধ করেন। (সভার উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-ক)

অতঃপর ইনস্টিটিউটের উপ পরিচালক সভার সভাপতি এবং উপস্থিত অপর সম্মানিত সদস্যগণকে ইনস্টিটিউটের পক্ষ হতে হতে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শুনান এবং নিম্নরুপভাবে সংশোধন করে তা সর্ব্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সংশোধনীঃ ২নং সিদ্ধান্তে ১১.০০ লক্ষ টাকার স্থলে ১১ কোটি টাকা হবে।

| নং | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | বর্তমান ২০১২-২০১৩ অর্থবছরের বরাদ্ধ | উপ পরিচালক জনান যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে ইনস্টিটিউটের জন্য বর্তমান ২০১২-২০১৩ অর্থবছরে কর্মকর্তা-কর্মচারীদের বেতন ভাতাদিসহ অন্যান্য ব্যয় বাবদ প্রাপ্ত মোট ৪৮.০০ (আটচল্লিশ) লক্ষ টাকা বাজেট বিভাজন উপস্থাপন করেন। তিনি জানান যে, বর্তমান অর্থবছরে প্রাপ্ত বাজেটে উল্লেখযোগ্য কয়েকটি খাতে বরাদ্ধ পাওয়া যায়নি। তাই সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে সংশোধিত বাজেট পেশ করার জন্য প্রস্তাব পেশ করেন। উপস্থিত সদস্যগণ বরাদ্ধকৃত বাজেটের মধ্যে সংশোধিত আকারে বাজেট প্রণয়ন করার জন্য নির্দেশনা প্রদান করেন এবং বিস্তারিত আরোচনার পর বাজেট বিভাজন অনুসারে সুষ্ঠভাবে কার্যক্রম বাস্তবাযন করার জন্য সর্বসম্মতিক্রমে ব্যয় অনুমোদন করা হয় ।<br><br>সিদ্ধান্তঃ<br>উপ পরিচালক সংশোধিত আকারে বাজেট প্রণয়ন করে পরবর্তী সভায় পেশ করবেন এবং মন্ত্রণালয় হতে প্রাপ্ত বাজেট অনুসারে কার্যক্রম বাস্তবায়ন করার পদক্ষেপ গ্রহন করবেন। | বরাদ্ধ অনুসারে উপ পরিচালক ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট । |
| ২. | খাগড়াছড়ি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট ভবন সম্প্রসারণ ও উন্নয়ন " শীর্ষক ডিপিপি | উপ পরিচালক সভাকে জানান ইতোমধ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উন্নয়ন ও পরিকল্পনা শাখায় ২০১২-২০১৩ অর্থবছরে জুলাই/১৩ হতে বাস্তবায়ণযোগ্য মোট ১১ কোটি টাকার একটি ডিপিপি দাখিল করা হয়েছে এবং মন্ত্রনালয়ের নির্দেশনা অনুসারে ডিপিপিএর নকশা এবং প্রাক্কলিত ব্যয় সংশোধন করার পর সদয় অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট নিকট পেশ করা হবে মর্মে সভাকে অবহিত করেন।<br><br>সিদ্ধান্ত ঃ প্রস্তাবিত ডিপিপির নকশা এবং প্রাক্কলিত ব্যয় সংশোধন করে মন্ত্রণালয়ে পেশ করার জন্য উপ পরিচালককে অনুরোধ করা হল। | ঐ |

পরিচালক
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি

চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি

| | | | |
|---|---|---|---|
| ৩. | প্রশিক্ষণ কার্যক্রম | উপ পরিচালক জানান য, বর্তমান অর্থবছরে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করার জন্য ১.০০ লক্ষ টাকা বরাদ্ধ আছে । এ খাত হতে বর্তমান অর্থবছরে ভাষা প্রশিক্ষণ(চাকমা বর্ণমালা) ও বাদ্য যন্ত্র (তবলা-বায়া) প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন করার জন্য প্রস্তাব পেশ করেন। বিষয়টি নিয়ে আলোচনার পর তা বাস্তবায়ন করার জন্য অনুমোদন প্রদান করা হয় ।<br><br>সিদ্ধান্তঃ বর্তমান অর্থবছরে চাকমা ভাষা প্রশিক্ষণ ও বাদ্যযন্ত্র প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হল। | ঐ |
| ৪. | প্রচার ও বিজ্ঞাপন | বর্তমান অর্থবছরে প্রচার ও বিজ্হাপন খাতে ১.০০ লক্ষ টাকা বরাদ্ধ আছে। ইনস্টটিউটটের কার্যক্রম প্রচার ও প্রসারের উদ্দেশ্যে আগামী ২০১৩ সালে ইনস্টিটিউট রোগো সম্বলিত ডাইরী বই মুদ্রণ করার জন্য উপ পরিচালক সভায় উপস্তাপন করেন। বিষয়টি বিস্তারিত আলোচনার পর জেলার এবং ইনস্টিটিউট-এর পরিচিতি এবং কার্যক্রম প্রচার করার জন্য ইনস্টিটিউটেউটের মনোগ্রাম সম্বলিত ২০১৩ সনের ডাইরী বই মুদ্রণ করার যৌক্তিকতার পক্ষে সকলে মতামত প্রদান করেন।<br><br>সিদ্ধান্তঃ বর্তমান অর্থবছরে প্রচার ও বিজ্ঞাপন খাত ৩০০ কপি ২০১৩ সনের ডাইরী বই মুদ্রন করার প্রযোজনী পদক্ষেপ গ্রহনের জন্য উপ পরিচালককে অনুরোধ করা হল। | ঐ |
| ৫. | অডিও ভিডিও | অডিও ভিডিও চলচ্চিত্র নির্মাণ খাত হতে একটি প্রামাণ্য ভিডিও চিত্র নিম্মান করার প্রস্তাব উপ পরিচালক সভাকে পেশ করেন। প্রস্থাবটির উপর আলোচনার পর প্রাপ্ত বাজেটের মধ্যে কি ধরনের ভিডিও চিত্র নিম্মান করা সম্ভব তা পরবর্তী সভায় পেশ করার জন্য উপ পরিচালককে অনুরোধ করা হয়।<br><br>সিদ্ধান্তঃ প্র্যাপ্ত বাজেটের মধ্যে কি ধরণের ভিডিও চিত্র নিম্মান করা হবে তা পরবর্তী সভায় পেশ করার জন্য করার জন্য সিদ্ধান্ত গৃহিত হল। | ঐ |
| ৬. | বিবিধ | উপ পরিচালক বিগত অর্থবছরে মুদ্রণ ও বাঁধাই খাত হতে প্রকাশিত খাগড়াছড়ি কলেজের প্রাক্তন অধ্যক্ষ ডঃ সুধীন কুমার চাকমা কর্তৃক Changing Pattern of The Chakma Society in The Chittagong Hill Tracts. বইটি সভায় পেশ করেন এবং তা ২০% কমিশনে বিক্রির প্রস্তাব পেশ করেন। এই বিষয়ে সম্মানিত সদস্য জনাব অংসুই মার্মা বলেন যেহেতু ইনস্টিটিউট একটি অলাভজনক প্রতিষ্ঠান সেহেতু ইতিপূর্বে প্রকাশিত ও মুদ্রিত অন্যান্য বইগুলোর জন্য নির্ধারিত ২০% কমিশনে বিক্রির প্রস্তাবটি যুক্তিযুক্ত। অতঃপর বিস্ত ারিত অলোচনার পর উক্ত বইটিও ২০% কমিশনে বিক্রি করার জন্য সকলে মত প্রদান করেন।<br><br>সিদ্ধান্তঃ Changing Pattern of The Chakma Society in The Chittagong Hill Tracts. বইটি ২০% কমিশনে বিক্রি করার জন্য সিদ্ধান্ত গৃহিত হল। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে ধৈর্যের সহিত সময় দিয়ে ইনস্টটিউটের সার্বিক কর্মকান্ড গতিশীল করার লক্ষে নানাবিধ পরামর্শ দিয়ে সহযোগিতা প্রদানের জন্য আন্তরিক ধন্যবাদ জানিয়ে সকলের মঙ্গল ও সুখ কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১১/১২

(বীর কিশোর চাকমা)
সভাপতি
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট নির্বাহী পরিষদ
ও
ভারপ্রাপ্ত চেয়ারম্যান
পার্বত্য জেলা পিরষদ, খাগড়াছড়ি।

চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি

২৮/১১

পরিচালক
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি

# ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট

## খাগড়াছড়ি পার্বত্য জেলা।

Phone-0371-62149, Fax-0371-62610

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি নির্বাহী পরিষদের ৫ম সভায় উপস্থিত সম্মানিত সদস্যগনের উপস্থিতি ও স্বাক্ষর

তারিখঃ ০৮/১১/২০১২ খ্রিঃ
স্থানঃ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট কার্যালয়।

| ক্রঃ নংঃ | উপস্থিত সম্মানিত সদস্যগনের নাম ও পদবী | অফিস বা সংস্থার নাম | স্বাক্ষর ও মোবাইল ফোন নং |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | — | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়। | A |
| ২. | — | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | A |
| ৩. | জনাব বীর কিশোর চাকমা<br>সম্মানিত সদস্য | পার্বত্য জেলা পরিষদ | [illegible] |
| ৪. | জনাবা শ্রীলা তালুকদার<br>প্রধান শিক্ষক | খাগড়াছড়ি সরকারী উচ্চ বিদ্যালয়। | [illegible] |
| ৫. | জনাব মধু মঙ্গল চাকমা<br>সভাপতি | চাঙমা একাডেমী, খাগড়াছড়ি। | [illegible] |
| ৬. | জনাব এ্যাডঃ রতন কুমার দে<br>বিশিষ্ট সংস্কৃতি কর্মী | বিশিষ্ট সংস্কৃতি কর্মী খাগড়াছড়ি | [illegible] |
| ৭. | জনাব মথুরা বিকাশ ত্রিপুরা<br>নির্বাহী পরিচালক | জাবারাং কল্যাণ সমিতি খাগড়াছড়ি | [illegible] |
| ৮. | জনাব অংসুই মারমা<br>বিশিষ্ট সংস্কৃতি কর্মী | বিশিষ্ট সংস্কৃতি কর্মী খাগড়াছড়ি | [illegible] |
| ৯. | জনাব সুসময় চাকমা<br>উপ পরিচালক | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | [illegible] |

পর্যবেক্ষক হিসেবে উপস্থিত ঃ

| ক্রঃ নংঃ | উপস্থিত সম্মানিত সদস্যগনের নাম ও পদবী | অফিস বা সংস্থার নাম | স্বাক্ষর ও মোবাইল ফোন নং |
|---|---|---|---|
| ১. | — | — | — |
| ২. | — | | — |